

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আঘাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচারপত্র নং- ২৫/২০২২

তারিখ: ০২/০৬/২০২২খ্রিঃ

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

কাস্টমস: অটোমেশন শাখা, জাতীয় রাজস্ব বোর্ড এর পত্র নং- ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০৯.২০(অংশ-১)/৩৫২

তারিখ: ২৭.০৫.২০২২ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

মোঃ মিজানুর রহমান  
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
সেগুনবাগিচা, ঢাকা।  
[কাস্টমস: অটোমেশন শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০৯.২০(অংশ-১)/৩৫২

তারিখ: ২৭.০৫.২০২২খ্রি.

বিষয়: জাতীয় রাজস্ব বোর্ড এর অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম এবং কাস্টমস সংক্রান্ত সেবা সহজীকরণের লক্ষ্যে ১৬১৩৪ হটলাইন নম্বর চালুকরণ।

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-১৩/২০২২/কাস্টমস, তারিখ: ২১.০৪.২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আমদানি-রপ্তানি প্রক্রিয়া সহজীকরণ এবং দ্রুততম সময়ে ঝুঁকি হ্রাসপূর্বক রাজস্ব আহরণের লক্ষ্যে বাংলাদেশ কাস্টমস কর্তৃক অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম ব্যবহার করা হয়। বর্তমানে জাতীয় রাজস্ব বোর্ডের অধিভুক্ত ০৬ (ছয়) টি কাস্টম হাউস, ২৬ (ছাব্বিশ) টি কাস্টমস স্টেশন, ২০ (বিশ) টি অফ-ডক এবং ইপিজেডসমূহে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম এর মাধ্যমে শুষ্কায়ন কার্যক্রম চালু রয়েছে। কাস্টমস অফিসগুলোতে কর্মরত কর্মকর্তাগণ, বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ ব্যাংক, সোনালী ব্যাংক, বাংলাদেশ বিমান, শিপিং এজেন্ট, সিএন্ডএফ এজেন্ট, ফ্রেইট ফরওয়ার্ডার্স, ফিডার অপারেটর এবং সকল কমার্শিয়াল ব্যাংকসহ বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান এই সিস্টেমের প্রাত্যাহিক ব্যবহারকারী। ভবিষ্যতে আরো সরকারী বেসরকারী সংস্থার সাথে আন্তঃসংযোগ স্থাপনের মাধ্যমে আমদানি-রপ্তানি প্রক্রিয়া অধিকতর ডিজিটাল ব্যবস্থায় রপান্তর করা হবে।

০২। আমদানি-রপ্তানি প্রক্রিয়া সংশ্লিষ্ট সকল অংশীজন যেন অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম এবং কাস্টমস সংক্রান্ত সকল বিষয়ে দ্রুততম সময়ে কাঙ্ক্ষিত সেবা পান সে লক্ষ্যে ১৬১৩৪ হটলাইন নম্বর চালু করা হয়েছে। এ হটলাইনের মাধ্যমে কাস্টমস সংক্রান্ত সেবা, সেবা সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল তথ্য ও পরামর্শসহ দেশে বিদ্যমান কাস্টমস সংক্রান্ত আইন ও বিধি-বিধান সম্পর্কে জানতে পারবেন। হটলাইনের কার্যক্রম প্রতি কর্মদিবসের সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত চালু থাকবে এবং হটলাইনে সেবা পেতে নিয়মিত কল চার্জ প্রযোজ্য হবে।

০৩। বিগত ১৫ই মে, ২০২২ খ্রি. তারিখ হতে বর্ণিত হটলাইন নম্বর হতে সেবা পাওয়া যাচ্ছে। কাস্টমস সংশ্লিষ্ট সকল অংশীজনদের বিভিন্ন জিজ্ঞাসা, সমস্যার সমাধান এবং আমদানি রপ্তানি প্রক্রিয়ায় কাঙ্ক্ষিত গতিশীলতা আনয়নের লক্ষ্যে হটলাইন নম্বর ব্যবহারের মাধ্যমে সেবা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

রাকিবুল হাসান

প্রথম সচিব

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

ফোন- ০২-৪৮৩১৮১২০-৬/এক্স-৪১১

ই-মেইল- ss.asycuda@gmail.com